

আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি  
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

উপজেলা পরিষদ  
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং- ২২৬

তারিখঃ ০৮.০৬.২০২২ খ্রিঃ।

### নোটিশ

আগামী ১৪.০৬.২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নেত্রকোণা সদর, উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।


উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সম্মানিত সদস্যকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

- ০১। আইন-শৃংখলা বিষয়ক আলোচনা।
- ০২। বিবিধ।

প্রাপকঃ .....

নেত্রকোণা সদর, নেত্রকোণা।

  
অফিসার ইনচার্জ  
নেত্রকোণা মডেল থানা  
ও  
সদস্য সচিব  
আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি  
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

নেত্রকোণা সদর, উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১৪.০৬.২০২২ খ্রিঃ।

সময় : ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর হাজিরা খাতায় সংরক্ষিত।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভা পরিচালনার জন্য অফিসার ইনচার্জ ও সদস্য সচিব, আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি কে অনুরোধ জানান। অফিসার ইনচার্জ প্রথমেই পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কারও কোন আপত্তি না থাকায় অনুমোদিত ও গৃহীত হয়।

অফিসার ইনচার্জ নেত্রকোণা মডেল থানা অত্র উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ে আলোচনা করেন এবং উপস্থিত সদস্যগণকে তাদের মতামত পেশ করার জন্য অনুরোধ করেন।

চেয়ারম্যান, কাইলাটা ইউপি জানান যে, যানবাহনে চলাচলের ক্ষেত্রে স্বাস্থ্য বিধি মানার শর্ত থাকলেও প্রায়ই দেখা যায় তা মানা হচ্ছে না। এ ব্যাপারে সকলকে স্বাস্থ্য বিধি মানার জন্য অনুরোধ জানান।

মহিলা ভাইস চেয়ারম্যান জানান যে, কমিশনার ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ বিভাগকে পলিথিন মুক্ত বিভাগ ঘোষনার প্রেক্ষিতে নেত্রকোণা সদর উপজেলায় প্রতিটি হাট-বাজারে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে পলিথিন মুক্ত রাখার নির্দেশনা দেন। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে কার্যক্রম অব্যাহত আছে। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানকে পলিথিন ব্যবহার রোধে জনসচেতনমূলক কার্যক্রম গ্রহণ করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় স্বাস্থ্য বিধি মেনে চলা এবং প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠু ও সুন্দরভাবে পালনের আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ

ও  
সভাপতি  
আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি  
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

তারিখঃ ১৪.০৬.২০২২ খ্রিঃ।


স্মারক নং- ২০৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

  
অফিসার ইনচার্জ  
নেত্রকোণা মডেল থানা  
ও  
সদস্য সচিব